

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-৩৪

তারিখঃ ০৯/০৮/২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

আর্থিক প্রতিষ্ঠানসমূহ

শ্রীমতি মহোদয়গণ,

একুইটি এন্ড অন্ট্র্যান্ট্রিয়ারশীপ ফাউন্ডেশন (ইইএফ) এর  
খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতভুক্ত প্রকল্প মঞ্জুরির প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইইএফ এর আওতাভুক্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতভুক্ত প্রকল্প মঞ্জুরির ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ  
কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

ক) এখন থেকে এ খাতভুক্ত প্রকল্প বিবেচনার ক্ষেত্রে একই পরিবারে একাধিক প্রকল্প মঞ্জুরি প্রদান করা  
যাবে না। এখানে “পরিবার” বলতে “ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১” এর ১৪ (ক) ধারায় প্রদত্ত ব্যাখ্যা অনুযায়ী  
“কোন ব্যক্তির স্ত্রী, স্বামী, পিতা-মাতা, পুত্র-কন্যা, ভাই-বোন এবং এই ব্যক্তির উপর নির্ভরশীল সকলকে বুৰোবৰে”।  
পরিবারের উক্ত সংজ্ঞা অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিগৰ্গ সম্বলিত একটি ঘোষণাপত্র খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি  
খাতভুক্ত প্রকল্প স্থাপনের নিমিত্তে দাখিলতব্য Expression of Interest (EOI) এর সাথে সংযোজন করতে  
হবে।

খ) এখন হতে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতভুক্ত মূলধনী যন্ত্রপাতি নির্ভর প্রকল্পসমূহের সুষ্ঠু  
বাস্তবায়নের লক্ষ্যে এ সকল প্রকল্পের মোট প্রকল্প ব্যয় ১০ কোটি টাকা থেকে ১২ কোটি টাকায় উন্নীত করা হলো।  
এক্ষেত্রে উদ্যোক্তার একুইটি ও ইইএফ সহায়তার অনুপাত ৫১ : ৪৯ যথারীতি বজায় থাকবে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ইইএফ সার্কুলার নং - ২৮, তারিখঃ ০৪/১২/২০০৮ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী  
মূলধনী যন্ত্রপাতি নির্ভর খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি খাতভুক্ত প্রকল্প ব্যতিরেকে উক্ত খাতভুক্ত অন্যান্য প্রকল্পের  
বেলায় মোট প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ সীমা ১০.০০ (দশ) কোটি টাকা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-  
(মোঃ সিরাজুল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২১২